

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.৪২.০৬০০.০০০.২৭.০৫২.১৫. **2802**

তারিখঃ ০৪/১০/২০১৬।

বিষয়ঃ বরিশাল শিল্পকলা একাডেমীর ভবন নির্মাণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের নামে অধিগ্রহণকৃত সম্পত্তিতে তৎকালীন সময়ে ডিষ্ট্রিক কাউন্সিল কর্তৃক সংস্কৃতিক চর্চার জন্য আর্ট কাউন্সিলের জন্য একটি ভবন নির্মাণ করা হয়। বর্তমানে যা শিল্পকলা একাডেমী নামে পরিচিত। উক্ত ভবনটি ২০০৯ সালের পূর্ব পর্যন্ত জেলা পরিষদ বিনা লীজে এবং বিনা ভাড়ায় কেবলমাত্র জেলার সাংস্কৃতিক চর্চার জন্য শিল্পকলা একাডেমীকে ব্যবহার করার সুযোগ দিয়ে আসছে। ২০০০-২০০১ অর্থ বছরে নিরীক্ষা দল উক্ত ভবনের ভাড়া আদায়সহ ভবনটি উদ্ধারের জন্য আপত্তি উত্থাপন করে।

২। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় জেলা পরিষদের ভূমিতে শিল্পকলা একাডেমী ভবন তৈরীর জন্য বিভিন্ন ভাবে চেষ্টা করে আসছে। কিন্তু স্থানীয় সরকার বিভাগ কখনই বর্ণিত সম্পত্তি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে স্থায়ীভাবে হস্তান্তর বা স্থায়ী স্থাপনা নির্মাণের বিষয়ে কোন সিদ্ধান্ত প্রদান করেনি। যেহেতু বিষয়টি দুটি মন্ত্রণালয়কে কেন্দ্র করে সেহেতু বিষয়টি আন্তঃ মন্ত্রণালয় সভার মাধ্যমে নিষ্পত্তির সিদ্ধান্ত চেয়ে জেলা প্রশাসক ও সভাপতি শিল্পকলা একাডেমী সচিব, স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ জানান।

৩। স্থানীয় সরকার বিভাগ হতে গত ৭/৯/২০০৯ তারিখে বিষয়টি স্থানীয়ভাবে নিষ্পত্তি করার জন্য অনুরোধ জানানো হয় (সংযুক্তি-১)। ১৩/১০/২০০৯ তারিখে ০.৪৮ একর সম্পত্তি জেলা পরিষদের মালিকানা অক্ষুন্ন রেখে বাৎসরিক ৫০,০০০/- টাকা ভাড়া গ্রহণে সম্মত হয়ে জেলা প্রশাসক, বরিশাল (সভাপতি শিল্পকলা একাডেমী) এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরিশাল এর মধ্যে ১০ বছর মেয়াদী ভাড়ার চুক্তিপত্র সম্পাদন করা হয়। চুক্তি পত্রের ১১ নং অনুচ্ছেদে উল্লেখ করা হয় যে, “২য় পক্ষ উক্ত চুক্তিপত্রের কোন শর্ত ভঙ্গ করলে বা উপেক্ষা করলে এই চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে এবং কোনরূপ আপত্তি ব্যতিত ২য় পক্ষ তপসিল সম্পত্তি থেকে উৎখাত যোগ্য হবে। সেই সাথে ১ম পক্ষ নির্মিত সকল স্থাপনা দখল করতে পারবে” (সংযুক্তি-২)।

৪। বর্তমানে চুক্তির শর্ত বহির্ভূতভাবে শিল্পকলা একাডেমী ০.৪৮ একর জমির পরিবর্তে সম্পূর্ণ ০.৯৩ একর জমিতে ভবন নির্মাণ কাজ শুরু করেছে। নির্মাণ কাজ বন্ধ রাখার জন্য এবং কোন্ কাগজপত্র/মালিকানার ভিত্তিতে এ কাজ আরম্ভ করা হয়েছে তা জানানোর জন্য ১৪/৮/২০১৬ এবং ১৭/৮/২০১৬ তারিখে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, বরিশালকে জেলা পরিষদ, বরিশাল হতে পত্র দেয়া হয় কিন্তু নির্বাহী প্রকৌশলী এ বিষয়ে কোন জবাব দাখিল করেননি। জেলা পরিষদের মালিকানাধীন সম্পত্তি রক্ষার্থে জেলা পরিষদ, বরিশাল থেকে গত ৬/৯/২০১৬ তারিখে চুক্তি বাতিল করে পত্র দেয়া হয়। এ অবস্থায় বরিশাল জেলা পরিষদের মালিকানাধীন জায়গায় বিধি বহির্ভূতভাবে শিল্পকলা একাডেমী ভবন নির্মাণের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত সার্কেল, বরিশাল কর্তৃক আহবানকৃত টেন্ডার বাতিলপূর্বক সকল মালামাল অপসারণের ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসক, জেলা পরিষদ, বরিশাল এ বিভাগে অনুরোধ জানিয়েছেন।

অঃপূঃ




পূর্বপাতা হতে:

৫। প্রসংগত উল্লেখ্য যে, “জেলা পরিষদ আইন, ২০০০” এর ৪৮ (২) (গ) অনুযায়ী পরিষদ- দান, বিক্রয়, বন্ধক, ইজারা, বিনিময়ের মাধ্যমে বা অন্য কোন পন্থায় যে কোন সম্পত্তি অর্জন বা হস্তান্তর করতে পারবে। কিন্তু বর্তমানে জেলা পরিষদ আইন, ২০০০ এর ৪ ধারা অনুযায়ী পরিষদ গঠিত নেই এবং এ সংক্রান্ত কোন বিধি প্রণীত হয়নি। এ অবস্থায়, জেলা পরিষদের সম্পত্তি হস্তান্তরের বিধিগত সুযোগ নেই।

৬। জেলা পরিষদ স্থানীয় সরকার বিভাগের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও প্রাচীন প্রতিষ্ঠান। একটি জেলার সার্বিক উন্নয়নে জেলা পরিষদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অচিরেই নির্বাচনের মাধ্যমে নির্বাচিত পরিষদ জেলা পরিষদের দায়িত্ব পরিচালনা করবেন মর্মে সরকার অঙ্গিকারাবদ্ধ। নির্বাচন পরবর্তি জেলা পরিষদ আরও শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠবে। সেক্ষেত্রে অফিস সম্প্রসারণ করার প্রয়োজনীয়তা অনুভূত হবে। উল্লেখ্য বর্ণিত সম্পত্তি ব্যতিত জেলা পরিষদের ভবিষ্যতে অফিস ভবন নির্মাণের উপযুক্ত আর কোন সম্পত্তি অবশিষ্ট থাকবেনা।

৭। এমতাবস্থায়, (ক) যেহেতু বরিশাল শিল্পকলা একাডেমীর ভবন নির্মাণের জায়গাটি বরিশাল জেলা পরিষদের মালিকানাধীন (খ) যেহেতু জেলা পরিষদের ০.৪৮ একর সম্পত্তিতে জেলা পরিষদের মালিকানা অক্ষুন্ন রেখে ৫০,০০০/-টাকা ভাড়া গ্রহণে সম্মত হয়ে শিল্পকলা একাডেমী ১০ বছর মেয়াদী ভাড়ার চুক্তিপত্র সম্পাদন করে এবং (গ) যেহেতু চুক্তিপত্রের শর্তানুযায়ী চুক্তিপত্র রেজিস্ট্রী করে এবং বকেয়া ৩,১০,০০০/- টাকা পরিশোধ করে জমির দখল বুঝে না নিয়েই চুক্তির শর্ত ভঙ্গ করে সম্পূর্ণ ০.৯৩ একর জমিতে শিল্পকলা একাডেমী ভবন নির্মাণ কাজ আরম্ভ করেছে সেহেতু চুক্তি ভঙ্গ করায় এ প্রকল্পের দরপত্র বাতিলসহ অন্যান্য সকল কাজ বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৪/১০/১৬
(জুবাইদা নাসরীণ)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রাপক :

- ১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।
- ৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত সার্কেল, বরিশাল।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, বরিশাল।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ বরিশাল।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ৪। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।